ঝিনাইদহ ৩ আসনে ৭ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ -৩ সংসদীয় আসনে মনোনয়ন জমা দিয়েছেন ৭ জন প্রার্থী। এরমধ্যে রয়েছে ৩ দলীয় ও ৪ জন স্বতন্ত্র প্রার্থী।বিষয়টি নিশ্চিত করেছেন,মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রির্টানিং কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী।

নির্বাচনী তফসিল অনুযায়ী ৩০ নভেম্বর ছিল, মনোনয়ন ফরম ক্রয় ও জমা দানের শেষ তারিখ। ঝিনাইদহ -৩ আসনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হতে ১৪ জন মনোনয়ন প্রত্যাশী ফরম কিনে ছিল। এ ছাড়া জাকের পার্টি,জাতীয় পার্টি ও তৃন মূল বিএনপি প্রার্থী মনোনয়ন ফরম কিনে ছিল।
জমা দানের শেষ দিনে,মহেশপুর নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ৭ জন ও কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ২ জন প্রার্থী মনোনয়ন ফরম জমা দিয়েছেন। এরমধ্যে মহেশপুর নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে জমা দিয়েছেন,আওয়ামীলীগ মনোনীত নৌকার মাঝি মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি (অব.)।

স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী’লীগের সহ-সভাপতি সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল,কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজ,জেলা আ’লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও কেন্দ্রীয় সেচ্ছাসেবকলীগের সদস্য আনিছুর রহমান টিপু,বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় উপ-কমিটির সাবেক সহ-সম্পাদক টি,এম, আজিজুর রহমান (মহন)।

এ ছাড়া জাতীয় পার্টি থেকে মনোনয়ন জমা দিয়েছেন, মহেশপুর জাতীয় পার্টির সভাপতি সাংবাদিক আব্দুর রহমান ও জাকের পার্টির বাবুল হোসেন।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়েও মনোনয়ন ফরম জমা দিয়েছেন,নৌকার মাঝি মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি (অব.) ও স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী’লীগের সহ-সভাপতি সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

ক্ষমতায় যাওয়ার একমাত্র রাস্তা নির্বাচন, সংসদ সদস্য চঞ্চল

ক্ষমতায় যাওয়ার একমাত্র রাস্তা নির্বাচন। অন্য কোন পথ খোলা নাই। এ কারনে বলতে চাই, জ্বালাও পোড়াও বাদ দিয়ে মানুষের পাশে দাঁড়ান।

বৃহস্পতিবার কোটচাঁদপুর উপজেলায় মসুর বীজ, ছাগল ও ভ্যান বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সাবেক বীর মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, কৃষি অফিসার মোঃ মহাসিন আলী,সমাজ সেবা অফিসার মোঃ জহুরুল ইসলাম, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার।

পরে সংসদ সদস্য কোটচাঁদপুর উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অর্থায়নে পরিষদ মিলনায়তন থেকে ২০২২-২৩ অর্থ বছরের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বিনামূল্যে মসুর বীজ তুলে দেন দারিদ্র্য মানুষের হাতে। এরপর সমাজসেবা কার্যালয় থেকে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর মাঝে ছাগল প্রদান করেন তিনি।

এছাড়া একই অনুষ্ঠানে কৃষি সম্পসারন অধিদপ্তরে আয়োজনে পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের আওতায় মডেল ইউনিয়নের কৃষক গ্রুপের মাঝে নিরাপদ সজীব পরিবহনের জন্য ভ্যান বিতরণ করা হয়।